

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.২৭.০০২.১৮.১৩৩

তারিখ: ৩ অগ্রহায়ণ ১৪২৭

১৮ নভেম্বর ২০২০

বিষয়: টাইম ইউনিভার্সিটি-এর অনিয়মের তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টাইমস ইউনিভার্সিটি বাংলাদেশ-এর বর্তমান পরিস্থিতি পর্যালোচনা/মূল্যায়নপূর্বক বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের বিষয়ে সুপারিশ প্রদানের নিমিত্ত বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য প্রফেসর ড. ইউসুফ আলী মোল্লা-এর নেতৃত্বে ০২ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটি বিশ্ববিদ্যালয়টি সরেজমিন পরিদর্শন করে সুপারিশসহ প্রতিবেদন এ বিভাগে দাখিল করেছে (কপি সংযুক্ত)। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের তদন্ত প্রতিবেদনে টাইমস ইউনিভার্সিটি বাংলাদেশের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হয়েছে। বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০ এর ধারা ৪৮ (৩) অনুযায়ী উক্ত অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া গেলে সরকার কর্তৃক সুপ্রিম কোর্টের বিচারপতি পদে অধিষ্ঠিত আছেন বা ছিলেন এইরূপ একজন বিচারপতি কর্তৃক উক্ত অভিযোগের পুনঃতদন্ত করানোর বিধান রয়েছে (কপি সংযুক্ত)।

২. এমতাবস্থায়, টাইমস ইউনিভার্সিটি বাংলাদেশ-এর অভিযোগের পুনঃতদন্তের লক্ষ্যে সুপ্রিম কোর্টের বিচারপতি পদে অধিষ্ঠিত আছেন অথবা ছিলেন এইরূপ একজন বিচারপতি নিয়োগপূর্বক পুনঃতদন্ত কার্যক্রম সম্পন্ন করে তদন্ত প্রতিবেদন এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮-১১-২০২০

আ.ন.ম. তরিকুল ইসলাম
উপসচিব

সচিব (ভারপ্রাপ্ত), আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.২৭.০০২.১৮.১৩৩/১(৪)

তারিখ: ৩ অগ্রহায়ণ ১৪২৭

১৮ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১৮-১১-২০২০

আ.ন.ম. তরিকুল ইসলাম
উপসচিব